

সাংগঠনিক সুরক্ষা তহবিল-২০১৮

সম্পূর্ণ রূপে ব্যয় বহির্ভূত তহবিল। অর্থাৎ কোন অবস্থাতেই এই তহবিলের অর্থ ব্যয় সাপেক্ষ নয়।

সাংগঠনিক সুরক্ষা তহবিলের সম্ভাব্য আয়ের খাত/উৎস সমূহঃ-

১। প্রত্যেক সদস্য হতে বাৎসরিক ০৫/- টাকা হারে আদায় করা হবে। যা আগামী অর্থ বছর হতে জমা হবে। উদাহরণ হিসেবে আগামী অর্থ বছরে বর্তমান সদস্য সংখ্যা হিসেবে আদায় করা হলে মোট জমা হবে $১০৫ \times ০৫ = ৫২৫/-$ (পাঁচশত পচিশ টাকা মাত্র)।

২। সহযোগী সংগঠন ও শাখা হতে তাদের প্রদেয় মাসিক চাঁদার ৫০% শতাংশ হারে কর্তন করা হবে। উদাহরণ হিসেবে সহযোগী সংগঠনের মাসিক চাঁদা ০৫/- টাকা। উক্ত ০৫/- টাকা হতে সংগঠনের তহবিলে জমা হবে ০২/- টাকা। এই ০২/- টাকার ৫০% শতাংশ মানে ০১/- টাকা সরাসরি জমা হবে সাংগঠনিক সুরক্ষা তহবিলে। সেক্ষেত্রে সহযোগী সংগঠনে বর্তমানে ৩৬ জন সদস্যের মোট জমা হবে $৩৬ \times ১ = ৩৬/-$ (ছত্রিশ টাকা মাত্র)।

৩। সংগঠনের শাখা হতে মোট উত্তোলিত চাঁদার ৪০% শতাংশ অর্থ সংগঠনের তহবিলে জমা হবে। উক্ত প্রদেয় অর্থ হতে ১০% শতাংশ অর্থ সাংগঠনিক সুরক্ষা তহবিলে জমা হবে। উদাহরণ হিসেবে কোন শাখার মোট আয় ১০০০/- টাকা। এর ৪০% শতাংশ হিসেবে সাংগঠনিক তহবিলে জমা হবে ৪০০/- টাকা। এই ৪০০/- টাকা হতে সাংগঠনিক সুরক্ষা তহবিলে ১০% শতাংশ যুক্ত হবে। অর্থাৎ ৪০০/- টাকার ১০% শতাংশ = ৪০/- (চল্লিশ টাকা মাত্র)।

৪। সংগঠনের অধিভুক্ত যেসকল সদস্য কর্মক্ষেত্রে সুবিধাজনক অবস্থানে অবস্থান করছেন তাদের নিকট হতে তাদের নিজস্ব ইচ্ছানুসারে বাৎসরিক প্রদেয় একটি নির্দিষ্ট অনুদান সরাসরি সাংগঠনিক সুরক্ষা তহবিলে জমা হবে। উদাহরণ হিসেবে যদি ধরে নেয়া হয় এমন সদস্য সংখ্যা ১০ জন এবং তারা প্রত্যেকই ১০০/- টাকা বাৎসরিক অনুদান প্রদানে আগ্রহী, সে হিসেবে উক্ত তহবিলে মোট অর্থ জমা হবে $১০ \times ১০০ = ১০০০/-$ (এক হাজার টাকা মাত্র)।

৫। এছাড়া সাংগঠনিক যে কোন ক্ষেত্রে যে কোন উপায়ে অনুদান সংগৃহীত হলে উক্ত অনুদানের ১০% শতাংশ সাংগঠনিক সুরক্ষা তহবিলে জমা হবে। উদাহরণ হিসেবে যদি বছরে সংগঠনের ৩০,০০০/- টাকা অনুদান সংগৃহীত হয় তবে উক্ত অনুদানের ১০% শতাংশ হিসেবে অর্থ বছর শেষে সাংগঠনিক সুরক্ষা তহবিলে জমা হবে ৩০০০/- (তিন হাজার টাকা মাত্র)।

৬। সংগঠনের সাংগঠনিক মাসিক আয়ের ৫% শতাংশ সাংগঠনিক সুরক্ষা তহবিলে জমা হবে। উদাহরণ হিসেবে ধরে নেয়া যাক সংগঠনের মাসিক গড় আয় ৩০০/- টাকা। তাহলে প্রতি মাসে এই ৩০০/- টাকার ৫% শতাংশ হারে সাংগঠনিক সুরক্ষা তহবিলে জমা হবে। তাহলে মাসে জমা হবে ৩০০/- টাকার ৫% শতাংশ = ১৫/- (পনের টাকা মাত্র)।

সুতরাং এক বছরে সাংগঠনিক সুরক্ষা তহবিলে জমার পরিমাণ = ৪,৬১৬/- (চার হাজার ছয়শত ষোল টাকা মাত্র)

এই ধারণাগত হিসেবে আগামী ১৫ বছরে সাংগঠনিক সুরক্ষা তহবিলে সম্ভাব্য জমা হবে -

$৪,৬১৬ \times ১৫ = ৬৯,২৪০/-$ (উনসত্তর হাজার ছয়শত ষোল টাকা মাত্র)।

প্রথমেই এ কথা প্রনিধানযোগ্য যে, যে কোন কর্ম পরিকল্পনা অত্যন্ত সহজতর উপায়ে তৈরি করা যেতেই পারে। কিন্তু উক্ত কর্ম পরিকল্পনা ঠিক তখনই আলোর মুখ দেখে যখন কিনা উক্ত কর্ম পরিকল্পনা একটি সঠিক উপায়ে সঠিক পদ্ধতির মাধ্যমে বাস্তবায়িত হয়। সুতরাং কর্ম পরিকল্পনা প্রণয়নের পাশাপাশি এর বাস্তবায়নের উপায়ও নির্ধারণ আবশ্যিক। সেই বিবেচনায় প্রস্তাব করছি যে, সাংগঠনিক এসব তহবিলের অর্থ সঠিকভাবে আদায়ের নিমিত্তে একজন আদায়কারি নিয়োগ ও তাকে তার মোট আদায়কৃত অর্থের ১০% শতাংশ সম্মানী হিসেবে প্রদানের বিষয়ে বিবেচনা করা হোক। উদাহরণ হিসেবে যদি একজন আদায়কারি মাসে ১০০০/- টাকা আদায় জমা করতে পারেন তবে তিনি উক্ত আদায়ের ১০% শতাংশ অর্থাৎ ১০০০/- টাকা থেকে ১০০/- টাকা সম্মানী প্রাপ্য হবেন।